গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com, c3509@nu.ac.bd; EIIN: 128965
অধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল: ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫; উপাধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩২০২

বিজ্ঞপ্তি নং- ৫৫ তারিখ: ০২/১২/২০২৪খ্রি.

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবৃত্তির নোটিশ

জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষাবৃত্তি নীতিমালা'র আলোকে পীরগঞ্জ সরকারি কলেজে অধ্যয়নরত (১) বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থী (২) স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) পর্যায়ে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থী এই বৃত্তির আওতাভুক্ত বলে গণ্য হবে।

**১। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য বৃত্তি:**

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থীদের বৃত্তি প্রদানের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীগণ ভর্তি হওয়ার পর থেকে প্রতি শিক্ষাবর্ষে একবার এককালীন এই বৃত্তি প্রাপ্ত হবে।

ক) বিশেষ চাহিদাসম্পন্ন-এর সপক্ষে বিশেষ চাহিদাসম্পন্ন কোটায় ভর্তির কাগজপত্র আবেদনের সঙ্গে জমা প্রদান করতে হবে। বিশেষ চাহিদাসম্পন্ন কোটায় ভর্তি ব্যতিত অন্য কেউ এই ক্যাটাগরিতে আবেদন করতে পারবে না।

**২। আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তি:**

আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রাপ্তির যোগ্যতা:

ক) পীরগঞ্জ সরকারি কলেজে স্নাতক (পাস) ২য় বর্ষ ও ৩য় বর্ষ এবং স্নাতক (সম্মান) ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্য থেকে এই নীতিমালা বর্ণিত বিধি অনুযায়ী বৃত্তি প্রদান করা হবে।

খ) বৃত্তি প্রদানের ক্ষেত্রে আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থী বৃত্তির আওতাভুক্ত হবে।

গ) সকল ক্ষেত্রে ১ম বর্ষ থেকে পরবর্তী বর্ষ বা বর্ষসমূহে উত্তীর্ণ হওয়ার পর পূর্ববতী বর্ষের ফলাফল এবং মেধাক্রম অনুসারে বৃত্তি প্রদান করা হবে।.

ঘ) যেহেতু এই বৃত্তি সম্পূর্ণ মেধার ভিত্তিতে দেওয়া হবে সুতরাং বৃত্তি প্রাপ্তির জন্য প্রতি বর্ষে শিক্ষার্থীর অর্জিত ফলাফল জিপিএ ন্যূনতম ৩.০০ হওয়া আবশ্যক এবং প্রতি বর্ষের কলেজের ফলাফলের মেধাতালিকায় স্থানপ্রাপ্ত শুধু ১ম ও ২য় স্থান অধিকারীগণ আবেদন করতে পারবে।

ঙ) শিক্ষার্থীদের পূর্ববর্তী বর্ষের ফলাফলের কপি এবং অধ্যক্ষের প্রত্যয়নের কপি সংযুক্ত করতে হবে।

চ) অনিয়মিত শিক্ষার্থীবৃন্দ কোন অবস্থাতেই বৃত্তির আওতাভুক্ত হবে না।

ছ) বৃত্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

উপরোক্ত শর্তপূরণ সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষে মো. জাহিদুর রহমান এর নিকট হতে ফরম গ্রহণ করে পূরণপূর্বক আগামী **১৫/১২/২০২৪** তারিখের মধ্যে জমা দেয়ার জন্য বিশেষভাবে জানানো যাচ্ছে।

02/12/24

(প্রফেসর মো. বদরুল হুদা-৫৯৬৭)
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
ঠাকুরগাঁও।

2.12.24

Scanned with CamScanner